

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬৭

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ১. যে ব্যক্তি কুরআন পাঠ করে তার মর্যাদা

بَابِ فَضْلِ مَنْ قَرَأَ الْقُرْآنَ

আরবী

حَدَّثَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا زِيَادُ بْنُ مِخْرَاقٍ عَنْ أَبِي إِيَاسٍ عَنْ أَبِي كِنَانَةَ عَنْ أَبِي مُوسَى أَنَّهُ قَالَ إِنَّ هَذَا الْقُرْآنَ كَائِنٌ لَكُمْ أَجْرًا وَكَائِنٌ لَكُمْ ذِكْرًا وَكَائِنٌ بِكُمْ نُورًا وَكَائِنٌ بِكُمْ نُورًا وَكَائِنٌ بِكُمْ نُورًا وَكَائِنٌ بِكُمْ وَزْرًا اتَّبِعُوا الْقُرْآنَ وَلَا يَتَبِعْكُمْ الْقُرْآنَ فَإِنَّهُ مَنْ يَتَبِعْ الْقُرْآنَ يَهْبِطْ بِهِ فِي وَكَائِنٌ عَلَيْكُمْ وِزْرًا اتَّبِعُوا الْقُرْآنَ وَلَا يَتَبِعْكُمْ الْقُرْآنَ فَإِنَّهُ مِنْ يَتَبِعْ الْقُرْآنَ يَهْبِطْ بِهِ فِي رِيَاضِ الْجَنَّةِ وَمَنْ اتَّبَعَهُ الْقُرْآنُ يَزُخُ فِي قَفَاهُ فَيَقْذِفْهُ فِي جَهَنَّمَ قَالَ أَبُو مُحَمَّد يَرُخُ يَدْفَعُ رِيَاضٍ الْجَنَّةِ وَمَنْ اتَّبَعَهُ الْقُرْآنُ يَزُخُ فِي قَفَاهُ فَيَقْذِفْهُ فِي جَهَنَّمَ قَالَ أَبُو مُحَمَّد يَرُخُ يَدْفَعُ

বাংলা

৩০৬৭. আবী কিনানাহ হতে বর্ণিত, আবৃ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, এ কুরআন হলো তোমাদের জন্য সাওয়াব অর্জনের মাধ্যম, যিকিরের উপাদান, তোমাদের জন্য আলোকবর্তিকা এবং তোমাদের পক্ষে বোঝা বহনকারী। তোমরা এ কুরআনের অনুসরণ করো, আর এ কুরআন যেন তোমাদের পশ্চাদ্ধাবন না করে। কারণ যে ব্যক্তি কুরআনের অনুসরণ করবে, এর মাধ্যমে সে জান্নাতের বাগানে অবতরণ (অবস্থান) করবে। আর যে ব্যক্তি কুরআনকে তার অনুগামী করবে, তা তার ঘাড় ধরে ঠেলে জাহান্নামে নিক্ষেপ করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: আবূ কিনানাহ সম্পর্কে আমি কোনো মুহাদ্দিসকে 'জারাহ ও তা'দীল (সুনাম বা দুর্নাম) করতে দেখিনি। বাকী রাবীগণ বিশ্বস্ত। ফলে এটি ইবনু হিব্বানের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/৪৮৪ নং ১০০৪৩, ১৩/২৮৬ নং ১৬৬৭১; ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ৬৭; সাঈদ ইবনু মানসূর ১/৪৯ নং ৮; আবী নুয়াইম, হিলইয়াতুল আউলিয়া ২/২৫৭; বাইহাকী, শুয়াবুল ঈমান ২০২৩, ২০২৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন